# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০২৩

১/ বিবিধ

আরবী

البحر هو جهنم
ضعيف

أخرجه أحمد (4/223) والبخاري في " التاريخ الكبير " (1/1/71 و4/2/414) والحاكم (4/596) والبيهقي (4/334) وأبو نعيم في " أخبار أصبهان " (2/1) من طريق أبي عاصم قال: حدثنا عبد الله بن أمية قال: حدثني محمد بن حيي قال: حدثني صفوان بن يعلى عن أبيه مرفوعا به. وزادوا
" فقالوا ليعلى؟ فقال: ألا ترون أن الله عز وجل يقول: " نارا أحاط بهم سرادقها "، قال: لا والذي نفس يعلى بيده لا أدخلها (وفي رواية: لا أدخله) أبد حتى أعرض على الله عز وجل، ولا يصيبني منها (وفي الأخرى: منه) قطرة حتى ألقى الله عز وجل ". وقال الحاكم: صحيح الإسناد، ومعناه أن البحر صعب كأنه جهنم ". ووافقه الذهبي وليس كذلك، فإن محمد بن حيي هذا أورده البخاري وابن أبي حاتم (3/2/239) برواية ابن أمية هذا فقط عنه، ولم يذكرا فيه جرحا ولا تعديلا، فهو مجهول العين، ونقل المناوي عن الذهبي أنه قال في المهذب
" لا أعرفه
قلت: فكان حقه أن يورده في " الميزان " ولم يفعل، ولم يستدركه عليه ابن حجر في " اللسان "، وإنما أورده في " التعجيل " كما أورده ابن أبي حاتم وقال

" وذكره ابن حبان في (الثقات)

বাংলা

১০২৩। সমুদ্রই হচ্ছে জাহান্নাম।

হাদীসটি দুর্বল।

এটি ইমাম আহমাদ (৪/২২৩), ইমাম বুখারী “আত-তারীখুল কাবীর” গ্রন্থে (১/১/৭১, ৪/২/৪১৪), হাকিম (৪/৫৯৬), বাইহাকী (৪/৩৩৪) ও আবু নুয়াইম “আখবারু আসবাহান” (২/১) গ্রন্থে আবু আসেম সূত্রে আব্দুল্লাহ ইবনু উমাইয়াহ হতে, তিনি মুহাম্মাদ ইবনু হুইয়ায় হতে, তিনি সাফওয়ান ইবনু ইয়ালা হতে, তিনি তার পিতা হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

হাকিম বলেনঃ সনদটি সহীহ। হাফিয যাহাবী তার সাথে ঐকমত্য পোষণ করেছেন।

আসলে সেরূপ নয়। কারণ এ মুহাম্মাদ ইবনু হুইয়ায়কে ইমাম বুখারী ও ইবনু আবী হাতিম (৩/২/২৩৭) শুধুমাত্র এ ইবনু উমাইয়ার বর্ণনায় উল্লেখ করেছেন। অথচ তারা উভয়ে তার সম্পর্কে ভাল-মন্দ কিছুই বলেননি। তিনি মাজহুলুল 'আঈন। মানবী হাফিয যাহাবী হতে নকল করেছেন যে, তিনি “আল-মুহাযযাব” গ্রন্থে বলেনঃ আমি তাকে চিনি না ।

হাফিয ইবনু হাজার তাকে "আত-তা'জীল" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ ইবনু হিব্বান তাকে নির্ভরযোগ্যদের অন্তর্ভুক্ত করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি নির্ভরযোগ্য আখ্যা দেয়ার ক্ষেত্রে শিথিলতা প্রদর্শনকারী হিসেবে প্রসিদ্ধ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71902

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন